গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কলমাকান্দা, নেত্রকোণা
http://kalmakanda.netrokona.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২৪০.০০০.৩৩.০০৩.২৪-২৫৫ তারিখঃ ০৫ মার্চ ২০২৪ খ্রিঃ

আন্তঃ ইউনিয়ন/উপজেলা ফেরীঘাট/নৌকাঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি -০২/২০২৪

এতদ্বারা পেশাদার পাটনীগণ/সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে অবস্থিত আন্তঃইউনিয়ন/উপজেলা ফেরীঘাট/নৌকাঘাট ১৪৩১ বাংলা সনের (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদের জন্য) ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী পেশাদার পাটনী/প্রতিষ্ঠান/ ব্যক্তিগণের নিকট হতে সংযুক্ত শর্তাবলী সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ডাক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় |
|---|---|---|
| ২য় ডাক | ১৯.০৩.২০২৪ খ্রিঃ / ০৫ চৈত্র,১৪৩০ বাংলা<br>রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময় | ২০.০৩.২০২৪ খ্রিঃ / ০৬ চৈত্র, ১৪৩০ বাংলা<br>রোজ বুধবার বেলা ১.০০ ঘটিকা |
| ৩য় ডাক | ০৩.০৪.২০২৪ খ্রিঃ / ২০ চৈত্র, ১৪৩০ বাংলা<br>রোজ বুধবার অফিস চলাকালীন সময় | ০৪.০৪.২০২৪ খ্রিঃ /২১ চৈত্র,১৪৩০ বাংলা<br>রোজ বৃহস্পতিবার বেলা ১.০০ ঘটিকা |

উপরে বর্ণিত তারিখ ও সময় পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা এর স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), কলমাকান্দা, নেত্রকোণা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র ক্রয় করা যাবে। দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা এর স্থানীয় সরকার শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দাখিল করা যাবে। জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত দরপত্র (যদি দাখিল হয়) সংগ্রহপূর্বক ঐ দিন বেলা ৩.৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্রদাতা/প্রতিনিধিগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ২য় ডাকে যোগ্য ও কাঙ্খিত দরদাতা পাওয়া না গেলে ৩য় ডাকে দরপত্র গ্রহণ করা হবে। ২য় ডাকে যোগ্য ও কাঙ্খিত দরদাতা পাওয়া গেলে ২য় বা ৩য় ডাক প্রযোজ্য হবে না। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য অত্র কার্যলয়ে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। তাছাড়া অত্র কার্যালয়ের ওয়েব পোর্টাল www. kalmakandanetrokona.gov.bd হতে জানা যাবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ফেরীঘাট/নৌকাঘাটের নাম | সম্ভাব্য কাংখিত দর | দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | কলমাকান্দা সদর ইউনিয়ন | বিশরপাশা নৌকাঘাট | ১৫,৯৭,৩৪৬/- | ২৯০০/- |
| ০২ | কলমাকান্দা সদর ইউনিয়ন | কলমাকান্দা নৌকাঘাট | ৩০,২৫,০০০/- | ৬,৮০০/- |
| ০৩ | -ঐ- | যাত্রাবাড়ী-রামপুর ফেরীঘাট | ৪০,৫১৮/- | ৫০০/- |
| ০৪ | নাজিরপুর ইউনিয়ন | পাচঁকাটা বাজার সংলগ্ন ফেরীঘাট | ৬৮,৩১০/- | ৫০০/- |
| ০৫ | -ঐ- | কান্দাপাড়া বাজার সংলগ্ন ফেরীঘাট | ৩১,৯০০/- | ৫০০/- |
| ০৬ | কৈলাটী ইউনিয়ন | সিধলী বাজার নৌকাঘাট | ৮৮,০০০/- | ৫০০/- |

০৫/০৩/২৪
(আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা, নেত্রকোণা।

স্মারক নং-০৫.৪৫.৭২৪০.০০০.৩৩.০০৩.২৪- ২৫৫ (২০০) তারিখঃ ০৫ মার্চ ২০২৪

## ১৪৩১ বাংলা সালের আন্তঃ ইউনিয়ন/উপজেলার ফেরীঘাট/নৌকাঘাট ইজারার শর্তাবলীঃ

০১) ইজারার মেয়াদ ১৪৩১ বাংলা সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত।

০২) দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা অনুকূলে অবশ্যই দাখিল করতে হবে।

০৩) দরপত্রে বর্ণিত ফেরী/নৌকা ঘাটের ইজারামূল্য স্পষ্টাক্ষরে অংকে এবং কথায় লিখতে হবে। কোন প্রকার কাটাছেঁড়া বা ঘষামাজা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪) দরপত্র খামের উপর আন্তঃ ইউনিয়ন/উপজেলা ফেরীঘাট/নৌকাঘাটের নাম লিখতে হবে।

০৫) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। সর্বোচ্চ দরদাতার (সরকারি মূল্যের চেয়ে কম নয়) অনুকূলে আন্তঃ ইউনিয়ন/উপজেলা ফেরীঘাট/নৌকাঘাট ইজারার প্রদান করা হবে। সর্বোচ্চ দরদাতা একাধিক
হলে লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে।

০৭) সরকারি মূল্যের চেয়ে বেশী ২য় দরদাতার বিডি নির্দিষ্ট সময় পর্যন্ত জমা থাকবে।

০৮) ২য় ডাকে যোগ্য ও কাঙ্খিত দরদাতা পাওয়া না গেলে ৩য় ডাকে দরপত্র গ্রহণ করা হবে। ১ম ডাকে যোগ্য ও কাঙ্খিত দরদাতা পাওয়া গেলে ২য় ও ৩য় ডাক প্রয়োজ্য হবে না।

০৯) দরপত্র গৃহীত হওয়ার পর অনুমোদিত দরের জামানত বাবদ প্রদত্ত ২৫% অর্থ বাদে অবশিষ্ট ৭৫% অর্থ যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা অনুকূলে এবং ১০% আয়কর ও ১৫% ভ্যাট বাবদ অর্থ ট্রেজারী চালানমূলে সংশ্লিষ্ট কোডে সরকারী কোষাগারে পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

১০) কোন কারণে দরপত্র বিক্রয়, দাখিল বা খোলার তারিখে সরকারী ছুটি থাকলে বা ঘোষিত হলে তা পরবর্তী কার্যদিবসে সম্পন্ন করা হবে।

১১) ফেরীঘাট/ নৌকাঘাট কি অবস্থায় আছে তা নিজ দায়িত্বে সরেজমিনে পরিদর্শন পূর্বক বিস্তারিত অবগত হয়ে দরপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২। ফেরীঘাট/নৌকাঘাট ইজার পত্তনের বিষয়ে কোন প্রকার অভিযোগ থাকলে ইজারা অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট ইজারা অনুমোদনের পর হতে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দাখিল করতে হবে। অন্যথায় কোন অভিযোগ বিবেচনা করা হবে না।

১৩) ইজারাদার কর্তৃক ইজারার অবশিষ্ট অর্থ পরিশোধের সময় নিজ খরচে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের নন্-জুডিশিয়াল ষ্ট্যাম্পে উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা এরঁ সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় ঘাটের দখল হস্তান্তর করা হবে না এবং দখল জনিত কারণে কোন ক্ষতি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৪) ইজারাদার কর্তৃক যাত্রীদের উঠানামার জন্য নিজ খরচে পাটাতন নির্মাণ ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫) দরপত্র জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, অত্র কার্যালয় এবং সহকারী কমিশনার(ভূমি), কলমাকান্দা, নেত্রকোণা হতে নির্ধারিত তারিখ ও সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। ডাকযোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

১৬) দরপত্র জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা এবং অত্র কার্যালয় –এ নির্ধারিত তারিখ ও সময়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে।

১৭) বৎসরের যে কোন সময়ে ইজারা দেয়া হলেও ইজারার মেয়াদ ১৪২৯ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে।

১৮) ইজারাদার কর্তৃক নিজ খরচে ফেরীঘাট/নৌকাঘাট প্রকাশ্য স্থানে টোল রেইটের তালিকা টাংগাইয়া রাখতে হবে। কোন অবস্থাতেই টোল রেইটের অতিরিক্ত টোল আদায় করা যাবে না।

১৯) ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত ঘাট অন্যের নিকট সাবলীজ প্রদান করতে পারবে না।

২০) ইজারাদার সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল আদেশ নির্দেশ মেনে চলতে বাধ্য থাকবেন।

২১) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/আংশিক দরপত্র গ্রহণ/ বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২২) উক্ত শর্তাবলীর যে কোন শর্তের খেলাপ করা হলে ইজারা বাতিলসহ কর্তৃপক্ষ যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

০২/০৩/২৪

(আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা, নেত্রকোণা।